# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 10-02-2025** **Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্যপালের অভিভাষণের মধ্যে দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের আজ সূচনা হয়েছে।

আগামী ১২ তারিখ পেশ হবে রাজ্য বাজেট।

২) চলতি বছরের মাধ্যমিক পরীক্ষা আজ শুরু হয়েছে। চলবে ২২-শে ফেব্রুয়ারী পর্যন্ত। হাই মাদ্রাসা, আলিম ও ফাজিলের পরীক্ষাও শুরু হয়েছে।

৩) পরীক্ষায় ভালো ফল করার জন্য পড়াশোনার পাশাপাশি অন্যান্য কাজকর্মেও পড়ুয়াদের সময় দেওয়ার পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

পরীক্ষা পে চর্চার অষ্টম সংস্করণে দেশের সামগ্রিক উন্নয়নে শিক্ষা গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেছেন তিনি।

৪) রাজ্যে ২৫ হাজারের বেশি স্কুল শিক্ষক ও শিক্ষা কর্মী পদে নিয়োগ বাতিল মামলায় সুপ্রিম কোর্ট রায়দান স্থগিত রেখেছে।

৫) অবৈধ নির্মাণ ভাঙতে প্রয়োজন হলে কেন্দ্রীয় বাহিনীকে কাজে লাগানো হতে পারে বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপালের অভিভাষণের মধ্যে দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের আজ সূচনা হয়েছে। নিজের দীর্ঘ ভাষণের বেশ কিছুটা বাংলায় পাঠ করেন রাজ্যপাল । রাজ্য সরকারের বিভিন্ন সাফল্যের কথা তিনি বক্তব্যে তুলে ধরেন। ভাষণের সূচনায় প্রাক্তন প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য, কেন্দ্র ও রাজ্যের প্রাক্তন মন্ত্রী সহ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনেদের প্রয়াণে শোক প্রকাশ করেন তিনি। রাজ্যপাল জানান, মুখ্যমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে বিগত ১৩ বছরে রাজ্যে অর্থনৈতিক বিকাশ ও অন্যান্য আর্থিক মাপকাঠির নিরিখে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।

বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের কথা তুলে ধরে রাজ্যপাল জানান, ওই সম্মেলন অসাধারণ সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। ২০টি দেশের অংশগ্রহণ ছাড়াও দেশ-বিদেশের শিল্প এবং বাণিজ্য জগতের বহু রথী-মহারথী এই অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন। সম্মেলনে আসা প্রস্তাব রূপায়িত হলে রাজ্যে অর্থনৈতিক কর্মকাণ্ডের পরিমাণ বৃদ্ধি পাওয়া ছাড়াও যুবসম্প্রদায়ের জন্য অনেক বেশি কাজের সুযোগ সৃষ্টি হবে বলে তিনি জানান। রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে রাজ্যপাল সন্তোষ প্রকাশ করলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বাধা দেন। পাল্টা তৃণমূল কংগ্রেস বিধায়করা হৈচৈ শুরু করলে রাজ্যপাল তা উপেক্ষা করেই ভাষণ চালিয়ে যান। আগামী ১৩ ও ১৭ তারিখ বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ সূচক আলোচনা হবে।

উল্লেখ্য, আগামী ১২ তারিখ রাজ্য বিধানসভায় বাজেট পেশ হবে।

এদিন দুপুরে বিধানসভায় পৌঁছে রাজ্যপাল, আম্বেদকর মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন। সঙ্গে ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

oooooooooooooooooooooo

বিধানসভায় রাজ্যপালের অভিভাষণের বিরোধীতা করেছে বিজেপি। আজ বিধানসভার বাইরে সাংবাদিকদের কাছে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, রাজ্যপালের ভাষণে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি, বিশেষত উৎসবের সময় শান্তিপূর্ন পরিবেশ নিয়ে

যে প্রশংসা করা হয়েছে, তা সঠিক নয়। আইনশৃঙ্খলা ঠিক থাকলে কিভাবে রাজ্যে এত খুন, ধর্ষনের ঘটনা সামনে আসছে তা নিয়ে প্রশ্ন তোলেন তিনি। পাশাপাশি উৎসব চলাকালীন একাধিক হিংসাত্মক ঘটনার কথাও তুলে ধরেন শুভেন্দুবাবু।

রাজ্য সরকার, কেন্দ্রীয় সহায়তা ছাড়াই বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প চালিয়ে নিয়ে যাচ্ছে বলে রাজ্যপালের ভাষণে উল্লেখ রয়েছে। এর বিরোধীতা করে শুভেন্দুবাবু বলেন, একাধিক কেন্দ্রীয় প্রকল্প রাজ্যে চালু হচ্ছে না। নাম বদলে দেওয়া হচ্ছে বিভিন্ন প্রকল্পের।

(বাইট – শুভেন্দু)

কেন্দ্রীয় সরকার, ৮১ লক্ষ কৃষককে পিএম কিষান সম্মান নিধি প্রকল্পের সুবিধা দিতে চাইলেও রাজ্য সরকারের গাফিলতির কারণে তা সম্ভব হচ্ছে না।

রাজ্যের বিভিন্ন কর্মসূচী ও সাফল্যে রাজ্যপালের সম্মতি থাকার কারনেই তিনি তা স্পষ্ট করেছেন বলে তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

২০২৬ এর বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস রাজ্যে দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসবে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন। বিধানসভার বাজেট অধিবেশনের সূচনার আগে আজ তিনি তৃণমূল কংগ্রেস পরিষদীয় দলের সঙ্গে বৈঠক করেন। দিল্লি বিধানসভা ভোটের ফলাফলের প্রসঙ্গ তুলে তৃণমূল নেত্রী এই মন্তব্য করেছেন বলে দলীয় সূত্রে জানা গেছে। দিল্লি ও রাজ্যের পরিস্থিতি এক নয় বলে জানিয়ে তিনি বলেন, দিল্লিতে কংগ্রেস, আম আদমি পার্টিকে সমর্থন করলে এই ফলাফল হতো না। এরাজ্যে তৃণমূল কংগ্রেসের কারও সহায়তা প্রয়োজন নেই বলেও নেত্রী স্পষ্ট জানিয়ে দেন।

প্রকাশ্যে দল সম্পর্কে বিরূপ মন্তব্য করার জন্য মদন মিত্র, হুমায়ুন কবীর, নারায়ণ গোস্বামীর মতো কয়েকজন বিধায়ককে তিনি সতর্কও করে দিয়েছেন। এদিনের বৈঠকে দলীয় সংগঠনকে ঢেলে সাজাতে বেশ কিছু পদক্ষেপ গ্রহণের বিষয়েও আলোচনা হয়েছে।

প্রতিটি ব্লকের নতুন সভাপতিদের নাম স্থির করতে তিনজনের তালিকা চাওয়া হয়েছে বলেও তৃণমূল কংগ্রেস সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি বছরে আজ মাধ্যমিকের প্রথম দিন প্রথম ভাষার বাংলা পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। চলবে ২২শে ফেব্রুয়ারি পর্যন্ত। পাশাপাশি হাই মাদ্রাসা, আলিম ও ফাজিল পরীক্ষাও শুরু হয়েছে আজ। ২৫শে ফেব্রুয়ারি পর্যন্ত তা চলবে। পরীক্ষার্থীদের জন্য প্রশাসনের তরফে নেওয়া হয়েছে একাধিক পদক্ষেপ। পরীক্ষার দিনগুলিতে বিশেষ বাস চালাচ্ছে পরিবহন দপ্তর ।

রাজ্যের অরণ্য সংলগ্ন অঞ্চলগুলিতে পরীক্ষার্থীদের নিরাপত্তায় বিশেষভাবে সক্রিয় সশস্ত্র বনকর্মীরা। হাতির দলের ওপর নজর রাখতে নামানো হয়েছে ড্রোন ও থার্মাল ক্যামেরা। পশ্চিম মেদিনীপুরের জঙ্গলমহলে নিরাপত্তার জন্য বিভিন্ন স্থানে "ড্রপ গেট" বসানো হয়েছে। অন্যদিকে, বাঁকুড়ার উত্তর ও বিষ্ণুপুর পাঞ্চেৎ বনবিভাগের বেশ কয়েকটি জঙ্গলে এই মুহূর্তে ষাটটিরও বেশি হাতি ঘোরাফেরা করছে বলে জানা গেছে। বড়জোড়ার হাতি উপদ্রুত এলাকায় পরীক্ষার্থীদের বন দপ্তরের তরফে কেন্দ্রে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

প্রতিবেদন

এদিকে, বাঘের আতঙ্কের মধ্যেই মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে পুরুলিয়ার বান্দোয়ান এবং মানবাজার এলাকার পরীক্ষার্থীরা। বান্দোয়ানের জঙ্গলে আলাদা করে নজরদারীও শুরু করেছে বনদপ্তর। খোলা হয়েছে হেল্পলাইন নম্বরও।

উত্তর ২৪ পরগনার অশোকনগর থানার রাজিবপুর গ্রাম পঞ্চায়েতের জঙ্গলপুর কাঠমিল এলাকায় মাধ্যমিক পরীক্ষা দিতে যাওয়ার পথে দুর্ঘটনায় দুই পরীক্ষার্থী আহত হয়েছেন। তাঁদের অশোকনগর সব্দালপুর গ্রামীণ হাসপাতালে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। মুর্শিদাবাদের কান্দিতে এক সন্তানসম্ভবা পরিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ায় তাকে হাসপাতালে নিয়ে যেতে হয়। রেজিনগরেও মাঙ্গনপাড়ার বাসিন্দা এক ছাত্রী কাশিপুরের এক পরিক্ষা কেন্দ্রে অসুস্থ হয়ে পড়ায় তাকেও হাসপাতাল থেকেই পরিক্ষা দেবার ব্যাবস্থা করা হয়।

এদিকে, বাঁকুড়ার ছাতনা ব্লকের আড়রা হাই স্কুলের এক ছাত্রী অসুস্থ হয়ে ছাতনা সুপার স্পেশালিটি হাসপাতাল থেকে পরীক্ষা দিচ্ছে। আলিপুরদুয়ারে একটি স্কুলে এক পরীক্ষার্থীর বদলে তার দিদি পরীক্ষা দিতে এলে ধরা পড়ে।

০০০০০০০০০০০০০০০০০০০

মাধ্যমিক চলাকালীন পরীক্ষা কেন্দ্রগুলি বা ভেনুতে পঠন-পাঠন বন্ধ থাকবে বলে বিজ্ঞপ্তি জারি করেছে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১০'ই ফেব্রুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি এবং যে পরীক্ষা কেন্দ্রগুলিতে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা রয়েছে, সেখানে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত পঠন-পাঠন বন্ধ থাকবে।

মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় আজ দুপুরে উত্তর চব্বিশ পরগনা জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরদর্শন করেন। মধ্যমগ্রামের মাইকেলনগর শিক্ষায়তন স্কুল পরিদর্শনের পর রামানুজবাবু সাংবাদিকদের বলেন, সব জায়গাতেই সুষ্ঠুভাবে পরীক্ষা হচ্ছে। কোথাও অশান্তি বা পরীক্ষার্থীরা সমস্যার সম্মুখীন হয়েছেন এরকম খবর নেই। কোনো পরীক্ষার্থীর অসুবিধার সম্মুখীন হলে পর্ষদের বিশেষ দল সহযোগিতা করছে।

০০০০০০০০০০০০০০০০০০০

দেশের সামগ্রিক উন্নয়নে শিক্ষার গুরুত্বের উপর বিশেষভাবে জোর দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নতুনদিল্লিতে আজ অষ্টম 'পরীক্ষা পে চর্চা'র অনুষ্ঠানে শিক্ষার্থীদের

সঙ্গে আলাপচারিতায় পরীক্ষার সময় মানসিক চাপ ও উদ্বেগ কাটিয়ে ওঠার উপায় সম্পর্কে পরামর্শ দেন প্রধানমন্ত্রী। বাইট

পরীক্ষায় ভালো ফল করার জন্য পড়ুয়াদের অন্যান্য কাজকর্মেও নিজেদের যুক্ত করতে হবে। ছাত্রছাত্রীদের লেখালেখির অভ্যাস গড়ে তোলার পরামর্শও দেন প্রধানমন্ত্রী।

বর্ধমান কেন্দ্রীয় বিদ্যালয়ে প্রধানমন্ত্রীর **পরীক্ষা পে চর্চা** অনুষ্ঠান সরাসরি ছাত্র ছাত্রীদের দেখানোর ব্যবস্থা করা হয়। বিদ্যালয়ের পাঁচটি ক্লাসরুমে জায়ান্ট স্ক্রিনে পড়ুয়া এবং শিক্ষক শিক্ষিকারা সরাসরি এই অনুষ্ঠান দেখেন। প্রধানমন্ত্রী ছাত্রছাত্রীদের জন্য যে পরামর্শ দিয়েছেন তা তাদের অনুপ্রানিত করেছে বলে জানিয়েছে বিদ্যালয়ের পড়ুয়ারা।

বাইট

হাওড়ার PM-শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়, বামনগাছির ছাত্রছাত্রীরা বিশেষ উৎসাহের সাথে পরীক্ষা পে চর্চা-তে অংশগ্রহণ করে। নদীয়ার কল্যাণী জহর নবোদয় বিদ্যালয়, পিএম-শ্রী রানাঘাট কেন্দ্রীয় বিদ্যালয় ও কৃষ্ণনগরে কেন্দ্রীয় বিদ্যালয় বিএসএফ-এ বড় পর্দায় পরীক্ষা পে চর্চা ছাত্র-ছাত্রীদের দেখানোর ব্যবস্থা করা হয়। মালদার কেন্দ্রীয় বিদ্যালয়েও পড়ুয়ারা উৎসাহের সঙ্গে অনুষ্ঠানটি সরাসরি টিভির পর্দায় দেখেন।

oooooooooooooooooo

রাজ্যে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ২৫ হাজারের বেশি স্কুল শিক্ষক ও শিক্ষা কর্মী পদে নিয়োগ বাতিল মামলায় সুপ্রিম কোর্ট, রায়দান স্থগিত রেখেছে। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে আজ মামলাটির চূড়ান্ত শুনানি হয়েছে। বিভিন্ন পক্ষের আইনজীবীরা তাঁদের বক্তব্য তুলে ধরেন। প্রধান বিচারপতি তাঁর পর্যবেক্ষণে বলেন, আসল তথ্য জানা প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা-সিবিআই যোগ্য অযোগ্য নিয়োগ প্রাপ্তদের আলাদা করতে পারছে না। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আইনজীবী বলেন, নিয়োগে ব্যাপক দুর্নীতি হয়েছে। অনেকেই সাদা খাতা জমা দিয়ে চাকরি পেয়েছেন। কাজেই হাইকোর্টের রায় যথার্থ। স্কুল সার্ভিস

কমিশনের আইনজীবী জানান, র‍্যাঙ্ক জাম্প এবং প্যানেল বহির্ভূত নিয়োগের তথ্য তাঁদের কাছে থাকলেও ওএমআর শিট কারচুপির তথ্য কমিশনের কাছে নেই।

উল্লেখ্য, গত বছর ২২শে এপ্রিল স্কুল সার্ভিস কমিশনে নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্ট, রায় ঘোষণা করে। ২৫ হাজার ৭৫৩ জনের চাকরি বাতিল করা হয়। এমনকি কিছু ক্ষেত্রে সুদ সহ বেতন ফেরতও দিতে বলা হয় চাকরি প্রাপকদের। এই নির্দেশকে চ্যালেঞ্জ করে রাজ্য সরকার, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্যশিক্ষা পর্ষদ সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়। ৭ই মে শীর্ষ আদালতে তৎকালীন প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চ চাকরি বাতিলের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয়।

০০০০০০০০০০০০০০০০০০

অবৈধ নির্মাণ ভাঙতে রাজ্যের পুলিশ ব্যর্থ বলে কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা মন্তব্য করেছেন। একটি মামলার শুনানি চলাকালীন বিচারপতি সিনহা বলেন, প্রয়োজন হলে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হতে পারে। কলকাতার নারকেলডাঙায় একটি অবৈধ নির্মাণ ভেঙে ফেলার নির্দেশ দিয়েছিলেন তিনি। কিন্তু কলকাতা পুলিশের সহযোগিতা পাওয়া যাচ্ছে না বলে কলকাতা পুরসভা আদালতে জানায়। এরপরেই বিচারপতি সিনহা পুরসভাকে আগামী ১০-ই মার্চ পর্যন্ত পাঁচতলা বাড়িটি খালি করার নির্দেশ দেন। এর মধ্যে সেটি ভাঙতে না পারলে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের তিনি নির্দেশ দেবেন বলেও বিচারপতি স্পষ্ট জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলী জেলার ত্রিবেণীতে কুম্ভ স্নান উপলক্ষে প্রস্তুতি চূড়ান্ত। মাঘী পূর্ণিমা উপলক্ষে ১২-ই ফেব্রুয়ারী অমৃত স্নান।  ১১ থেকে ১৩-ই ফেব্রুয়ারী চলা এই উৎসবের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ অতিরিক্ত জেলাশাসক এবং প্রশাসনের কর্তারা সেখানে যান। আগামীকাল উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে গঙ্গার ঘাটে ১০ হাজার প্রদীপ প্রোজ্বলন করা হবে। উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেবেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

নদীয়ার কল্যাণীর মাঝের চরে গৌরাঙ্গ মহাপ্রভূর ঘাটে শুরু হয়েছে কুম্ভ মেলা। বঙ্গ কুম্ভ মেলা পরিষদের উদ্যোগে এই মেলা চলবে ১৬-ই ফেব্রুয়ারী পর্যন্

০০০০০০০০০০০০০০০০০০০০